



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/দিনাজ-১৫১/ ১৫২

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : জনাব মোঃ আফতাব উদ্দিন এর ভাটিনা আলিম মাদ্রাসায় অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে

- সূত্র : ১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৭০.২০-১৯৫; তারিখ: ১০/১২/২০২০ খ্রি.
 ২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-বামাশিবো/প্রশা/দিনাজ-১৫১/১১৯২/৫; তারিখ: ২৬/০৮/২০২০ খ্রি.
 ৩) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-বামাশিবো/প্রশাসন/দিনাজ-১৫১/১১২৪/৪; তারিখ: ১৮/১১/২০১৯ খ্রি.
 ৪) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-বামাশিবো/প্রশাসন/দিনাজ-১৫১/১০৩৯/৪; তারিখ: ০৪.০২.২০১৯ খ্রি.
 ৫) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-বামাশিবো/প্রশাসন/দিনাজ-১৫১/১০০৮/৪; তারিখ: ০৬.১১.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ভাটিনা আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আফতাব উদ্দিন মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৪০১/২০১৯ দায়ের করেন। উক্ত মামলার আদেশে মহামান্য হাইকোর্ট জনাব মোঃ আফতাব উদ্দিন এর ২৮.০৪.২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত ৩০ দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন।

জনাব মোঃ আফতাব উদ্দিন এর উল্লিখিত ২৮.০৪.২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে সূত্রোক্ত ৩ নং স্মারকে তাঁকে পূর্ববহালসহ ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা এবং বর্তমান সভাপতির মনোনয়ন কেন বাতিল করা হবেনা মর্মে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে সূত্রোক্ত ৩ নং স্মারক পত্রের আদেশ বাস্তবায়ন না করায় পেশাগত অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ মোজাম্মেল হক (ইনডেক্স-৩৭৫২২০) এর এমপিও বন্ধের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর সুপারিশ করা হয়।

উল্লেখ্য উক্তরূপ আদেশ প্রদানের পূর্বে জনাব মোঃ আফতাব উদ্দিন এর বিগত ২৫.১০.২০১৮ খ্রি. তারিখ বোর্ডে অধ্যক্ষ হিসেবে পূর্ববহালসহ বেতন ভাতা প্রাপ্তির আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ৪ ও ৫ নং স্মারকের মাধ্যমে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আফতাব উদ্দিনকে স্থগদে বহাল ও বেতন-ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণপূর্বক বোর্ডকে অবহিত করার জন্য গভার্ণিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পত্র প্রেরণ করা হয়।

এমতাবস্থায় পত্র জারির পর থেকে জনাব মোঃ আফতাব উদ্দিন ভাটিনা আলিম মাদ্রাসার অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে এতদ্বারা অবহিত করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

- ১। সভাপতি, মাদ্রাসা পরিচালনা কমিটি
ভাটিনা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর;
- ২। জনাব মোঃ আফতাব উদ্দিন, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত)
ভাটিনা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।

নং-বামাশিবো/প্রশা/দিনাজ-১৫১/ ১৫২

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, দিনাজপুর;
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর;
৫. মোঃ হুমায়ুন কবীর, অ্যাডভোকেট, রুম নং-৫০৫ (এনেক্স এক্সটেনশন বিল্ডিং), সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা;
৬. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd